



# মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং-বিবিধ/৮৩১(ক)

তারিখ: ০৪/০৯/২০১৬

একই স্মারক ও তারিখের স্থলাভিষিক্ত

## বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি, বিষয় ও গ্রুপ পরিবর্তন, ১ম বর্ষ ছাড়পত্রের অনুমতি এবং একাডেমিক ট্রান্সক্রিপ্ট বোর্ডে জমা প্রদান প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে নির্দেশক্রমে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর আওতাধীন সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানকে জানানো যাচ্ছে যে, ২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি আগামী ০৫/০৯/২০১৬ থেকে ২০/০৯/২০১৬ তারিখের মধ্যে সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করতে হবে। উল্লেখ্য, কলেজে বরাদ্দকৃত আসনের অতিরিক্ত শিক্ষার্থীর ফি প্রেরণ করা যাবে না। বরাদ্দকৃত আসনের অতিরিক্ত ভর্তিকৃত শিক্ষার্থীর নিবন্ধন করা হবে না।

### ১। বোর্ডে প্রেরিতব্য রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি নিম্নরূপঃ

ক. শিক্ষার্থী প্রতি ফি;

ক্রমিক	বিবরণ	পরিমাণ (টাকা)
১.	রেজিস্ট্রেশন ফি	১২০/-
২.	ক্রীড়া ফি	৩০/-
৩.	রোভার /রেঞ্জার ফি	১৫/-
৪.	রোড ট্রান্সেস্ট ফি (শিক্ষার্থীর নিকট থেকে আদায়কৃত ২০/- টাকার মধ্যে থেকে ১২/- টাকা কলেজে জমা থাকবে এবং ৮/- টাকা বোর্ডে প্রেরণ করতে হবে)	৮/-
৫.	বিজ্ঞান ও প্রযুক্তি ফি	৭/-
৬.	বি.এন.সি.সি. ফি	৫/-
	মোট	১৮৫/-

খ. যেসব শিক্ষার্থীর পাঠ বিরতি আছে অথবা বিলম্ব ফিসহ ভর্তি হয়েছে তাদের ক্ষেত্রে উপরোক্ত ফি এর সাথে নিম্নলিখিত ফি যুক্ত হবে;

ক্রমিক	বিবরণ	পরিমাণ(টাকা)
১.	পাঠ বিরতি ফি	১০০/-
২.	বিলম্ব ভর্তি ফি (১০/০৭/২০১৬ তারিখ থেকে ২৩/০৮/২০১৬ তারিখ পর্যন্ত ভর্তিকৃত)	৫০/-

গ. প্রতি শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি ২০০/- (দুইশত) টাকা।

উদাহরণঃ ধরা যাক, একটি শিক্ষা প্রতিষ্ঠানে ১০০ জন শিক্ষার্থী ভর্তি হয়েছে। এদের মধ্যে বিলম্ব ফিসহ ভর্তি হয়েছে ২০ জন এবং পাঠ বিরতি আছে ১০ জন শিক্ষার্থী। তাহলে ঐ শিক্ষা প্রতিষ্ঠানের বোর্ডে ফি জমাদানের হিসাব নিম্নরূপ হবে;

১০০ জন শিক্ষার্থীর রেজিস্ট্রেশন ও অন্যান্য ফি	১৮৫ টাকা × ১০০ জন = ১৮,৫০০ টাকা
২০ জন শিক্ষার্থীর বিলম্ব ভর্তি ফি	৫০ টাকা × ২০ জন = ১,০০০ টাকা
১০ জন শিক্ষার্থীর পাঠ বিরতি ফি	১০০ টাকা × ১০ জন = ১,০০০ টাকা
প্রতি শিক্ষা প্রতিষ্ঠানের বার্ষিক ক্রীড়া মঞ্জুরী ফি	২০০ টাকা
সর্বমোট=	২০,৭০০ টাকা

উক্ত শিক্ষা প্রতিষ্ঠানকে ২০,৭০০ টাকা সোনালী সেবার মাধ্যমে জমা প্রদান করতে হবে।

*(Signature)*

অপর পৃষ্ঠায় দৃষ্টব্য

## ২। বিষয় ও গ্রুপ পরিবর্তন

২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থী ০৮/০৯/২০১৬ থেকে ০৩/১০/২০১৬ তারিখের মধ্যে নিম্নরূপ ফি প্রদান করে একই কলেজে আসন খালি থাকা ও ন্যূনতম জিপিএ পূরণ সাপেক্ষে বিষয় ও গ্রুপ পরিবর্তন করতে পারবে। গ্রুপ ও বিষয় পরিবর্তন ফি নিম্নরূপ;

ক্রমিক	বিবরণ	পরিমাণ (টাকা)
০১	প্রতি বিষয় পরিবর্তন	২০০/-
০২	গ্রুপ পরিবর্তন	৮০০/-

কলেজসমূহ গ্রুপ ও বিষয় পরিবর্তনে ইচ্ছুক শিক্ষার্থীদের আবেদনের প্রেক্ষিতে গ্রুপ ও বিষয় পরিবর্তন করতে পারবে। এরূপ শিক্ষার্থীদের তালিকা নিম্নের নমুনা ছক-ক ও খ অনুযায়ী কলেজ প্যাডে অধ্যক্ষের স্বাক্ষরসহ এবং বোর্ডের নির্ধারিত ফি সোনালী সেবার মাধ্যমে জমা দেয়ার পে-স্লিপ আগামী ০৫/১০/২০১৬ তারিখের মধ্যে বোর্ডে প্রেরণ করতে হবে।

## নমুনা ছক-ক (গ্রুপ পরিবর্তন)

ক্রমিক	শিক্ষার্থীর নাম	এসএসসি রোল,	ক্লাস রোল	পূর্ববর্তী বিভাগ	পরিবর্তিত বিভাগ	ফি এর পরিমাণ
০১						

## নমুনা ছক-খ (বিষয় পরিবর্তন)

ক্রমিক	শিক্ষার্থীর নাম	এসএসসি রোল,	ক্লাস রোল	পূর্ববর্তী বিষয়	পরিবর্তিত বিষয়	ফি এর পরিমাণ
০১						

## ৩। ১ম বর্ষ ছাড়পত্রের অনুমতি

২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের আগামী ২১/০৯/২০১৬ তারিখ থেকে ১৭/১০/২০১৬ তারিখ পর্যন্ত ছাড়পত্রের অনুমতি প্রদান করা হবে। পরিবর্তিত কলেজে আসন খালি থাকা ও ন্যূনতম জিপিএ পূরণ শর্ত সাপেক্ষে ছাড়পত্রের মাধ্যমে ভর্তি হতে পারবে। বোর্ডের ছাড়পত্রের অনুমতির আবেদন ফরম ও নির্দেশাবলী বোর্ডের ওয়েবসাইটে পাওয়া যাবে। উল্লেখ্য, ছাড়পত্রের মাধ্যমে যে সকল শিক্ষার্থী কলেজ পরিবর্তনের অনুমতি পাবে তাদেরকে অবশ্যই পূর্বের ভর্তিকৃত কলেজ হতে ছাড়পত্র ও মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট সংগ্রহ করে পরিবর্তিত কলেজে ভর্তির সময় জমা প্রদান করতে হবে। কারণ ছাড়পত্রের মাধ্যমে ভর্তিকৃত কলেজ থেকে শিক্ষার্থীদের eSIF পূরণ করা হবে। ছাড়পত্রের আবেদন ফি নিম্নরূপ;


বিবরণ	পরিমাণ (টাকা)
ছাড়পত্রের অনুমতির আবেদন ফি	৬০০/-

## ৪। একাডেমিক ট্রান্সক্রিপ্ট বোর্ডে জমা প্রদান

২০১৬-১৭ শিক্ষাবর্ষে একাদশ শ্রেণিতে ভর্তিকৃত শিক্ষার্থীদের বোর্ড ফি- এর পে-স্লিপ এবং মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট (অনলাইনে ভর্তিকৃত, ম্যানুয়াল পদ্ধতিতে ভর্তিকৃত ও টিসি এর মাধ্যমে ভর্তিকৃত) বোর্ডে জমা দেয়ার সময় সূচি নিম্নরূপঃ

জেলার নাম	তারিখ
ঢাকা মহানগরী	০৬/১১/২০১৬ থেকে ০৮/১১/২০১৬
ঢাকা, গাজীপুর, মুন্সিগঞ্জ, মানিকগঞ্জ, নারায়ণগঞ্জ	০৯/১১/২০১৬ থেকে ১৩/১১/২০১৬
ফরিদপুর, রাজবাড়ী, নরসিংদী, কিশোরগঞ্জ	১৪/১১/২০১৬ থেকে ১৬/১১/২০১৬
ময়মনসিংহ, টাংগাইল, জামালপুর, শেরপুর	১৭/১১/২০১৬ থেকে ২১/১১/২০১৬
নেত্রকোণা, শরিয়তপুর, মাদারীপুর ও গোপালগঞ্জ	২২/১১/২০১৬ থেকে ২৪/১১/২০১৬

চেয়ারম্যানের নির্দেশক্রমে

  
২৫/০৯/২০১৬

ড. মোঃ আশফাকুস সালেহীন  
কলেজ পরিদর্শক

মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।